

প্রকাশ : ১ ডিসেম্বর, ২০১৭ ১১:৩১
আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ১৪:৩৩

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

আনিসুল হকের মৃত্যুতে তারকাদের শোকগাঁথা

অনলাইন ডেস্ক



লন্ডনে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন শোবিজ অঙ্গনের তারকারা।

ফেসবুকে নকীব খান শোক প্রকাশ করে লিখছেন, ও মাই গড। আমি এক্সট্রিমলি শকড। ইন্নালিল্লাহে... রাজেউন। আল্লাহ তাকে জান্নাতুল ফেরদৌসে নসিব করুন। আমিন।

প্রবীণ সঙ্গীত পরিচালক আলাউদ্দিন আলী লিখেছেন, তুমি মরোনি ভাই। আমরা প্রাণহীন হয়ে রইলাম। আল্লাহ তোমাকে বেহেশত দান করুক।

অভিনেত্রী রোকেয়া প্রাচী আনিসুল হকের সাথে একটি ছবি পোস্ট করে লিখেছেন, 'শোক এবং শ্রদ্ধা ...'

নির্মাতা দীপঙ্কর দীপন লিখেছেন, আমি কেবল শুনলাম, বুকে একটা ধাক্কার মত অনুভব করছি, চিন চিন করছে বুক, আমার প্রথম মুগ্ধতা আনিসুল হক ভাল থাকবেন ওপারে। আমরা অনেকে আপনাকে অনেক ভালোবাসতাম। অনেকে অনেক।

মিস আর্থ মাকসুদা আক্তার প্রিয়তি লিখেছেন, 'ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন। আমরা একজন ভাল মানুষকে হারালাম। আল্লাহ উনাকে জান্নাতবাসী করুন।'

অভিনেতা চঞ্চল চৌধুরী লিখেছেন, 'আনিস ভাই, মেনে নেওয়া সত্যি কঠিন, এভাবে চলে যাওয়া? কিছু বলার ভাষা নেই, হে মানুষ...চিরশান্তিতে ঘুমান.....শুধুই শ্রদ্ধা..'

অভিনেতা ইরেশ জাকের লিখেছেন, আপনি একজন অনুপ্রেরণা। ভালো থাকুন, চির শান্তিতে থাকুন।

শিল্পী সমিতির সাধারণ সম্পাদক জায়েদ খান লিখেছেন, আল্লাহ আপনাকে জান্নাতবাসী করুন...

ফারজানা চুমকী সোশ্যাল মিডিয়া ফেসবুকে শোক প্রকাশ করে বলেছেন, 'ভীষণ কষ্ট হচ্ছে আল্লাহ উনাকে বেহেশ্তে নসিব করুন।'

ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা অপূর্ব লিখেছেন, খুব কষ্ট হচ্ছে... খুব, মানতে পারছি না... একদম না...

চিত্রনায়ক ওমর সানি বলেছেন, 'জানি না, দেশে এমন একজন মানুষ আবার কবে পাওয়া যাবে। দোয়া করছি, আল্লাহ আপনার আত্মার শান্তি দান করুন।'

চিত্রনায়িকা পরীমনি ফেসবুকে আনিসুল হকের সাথে বেশকিছু ছবি শেয়ার করে লিখেছেন, 'মেয়র আনিসুল হক আপনাকে এত ভালবাসতাম টের পাইনি আগে...

সঙ্গীতশিল্পী দিনাত জাহান মুন্সী লিখেছেন, 'গত বছর কবির বকুল আইসিইউতে। তিনি এলেন মধ্যরাতে। তুকে পড়লেন কবির বকুলের কেবিনে। কাচের দরজার বাইরে দাঁড়িয়ে অপলকে তাকিয়ে রইলেন। ঝট করে দরজা খুলে প্রায় অচেতন কবির বকুলের সামনে গিয়ে বললেন- "তোমার কিচ্ছু হবে না- আমরা আছি"। আনিস ভাই- আসলে কি আপনি আজ কোথাও আছেন?

মোস্তুফা সরয়ার ফারুকী লিখেছেন, আনিস ভাই, কত কিছু লিখে কেটে দিলাম। মনে হচ্ছিলো কোনোটাতেই যা বলতে চাই, বলা হচ্ছে না। ভালো থাকবেন আপনি। আপনার জন্যে মন খারাপ, অনেক।

নির্মাতা রেদওয়ান রনি লিখেছেন, কী অদ্ভূত মানুষের জীবন! শ্রদ্ধেয় আনিসুল হক মেয়র আর নেই! ভাবতেই পারছি না।

অভিনেত্রী নাবিলা ইসলাম লিখেছেন, না ফেরার দেশে চলে গেলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। ইম্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

তানভীন সুইটি লিখেছেন, মেয়র আনিসুল হকের অকাল মৃত্যুতে আমরা গভীর শোকাহত..!

অভিনেত্রী শবনম ফারিয়া লিখেছেন, ইম্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন। ভালো থাকুন প্রিয় আনিসুল হক, ভালো থাকুন পরপারে।

লাক্সতারকা তাসনোভা এলভিন বলেন, রেস্ট ইন পিস। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। ইম্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

চিত্রনায়ক বাপ্পী চৌধুরী লিখেছেন, তিলোত্তমা এই নগরী তার ক্যারিশমাটিক পিতাকে হারালো। আমরা আপনাকে হারিয়ে শোকাহত। নতুন ঠিকানায় ভালো থাকবেন আপনি। বিনম্র শ্রদ্ধা সুন্দর মানুষ আনিসুল হক।

চিত্রনায়ক রোশান লিখেছেন, আনিসুল হক মারা গেছেন খবরটি কিছুতেই বিশ্বাস করতে পারছি না। তার অকালে চলে যাওয়া আমার হৃদয়কে নাড়া দিয়েছে। আল্লাহ ওনাকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন।

বিডি প্রতিদিন/১ ডিসেম্বর, ২০১৭/ফারজানা